

যুব উন্নয়ন অধিদপ্তরের ব্যবস্থাপনায় এটুআই এর সহযোগিতায় ২৫ (পঁচিশ) জন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার অংশগ্রহণে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় গত ১৮-২২ মার্চ ২০১৯খ্রিঃ পর্যন্ত ৫দিনব্যাপি “উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইনোভেশন কর্মশালা” অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণকে ৫টি গ্রুপে বিভক্ত করা হয় এবং গ্রুপগুলো নিম্নবর্ণিত ৫টি পৃথক পৃথক ইনোভেটিভ আইডিয়া বাছাই করে উপস্থাপন করেন যা স্ব স্ব কর্মস্থলে বাস্তবায়নের জন্য মনোনীত হয়।

## ইনোভেটিভ আইডিয়া সমূহ

- ১। “যুবসংগঠনের মাধ্যমে শিক্ষাপ্রতিষ্ঠানে যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ”
- ২। “নিবন্ধিত যুবসংগঠনের মাধ্যমে মাদকবিরোধী সচেতনতা বৃদ্ধি ”
- ৩। “প্রশিক্ষণের গতিশীলতা আনয়নে যুব তথ্য ব্যাংক তৈরি ”
- ৪। “গতানুগতিক ধারার প্রশিক্ষণ ব্যবস্থার উন্নয়ন”
- ৫। “গ্রামভিত্তিক ইলেক্ট্রিশিয়ান তৈরি ”